**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 23-06-2025**
**Time: 7.35-7.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

## Fully literate-State :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নব ভারত সাক্ষরতা কার্যক্রম - 'উল্লাসে'র অধীনে আজ ত্রিপুরাকে আনুষ্ঠানিক ভাবে পূর্ণ স্বাক্ষর রাজ্য হিসেবে ঘোষণা করবেন। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এই ঘোষণা দেবেন বলে জানা গেছে। মিজোরাম ও গোয়ার পর দেশের তৃতীয় রাজ্য হিসেবে এই গৌরবের অংশীদার হচ্ছে ত্রিপুরা। এই রাজ্যগুলি ছাড়াও সবার প্রথম লাদাখ কেন্দ্রশাসিত অঞ্চল হিসাবে পূর্ণ সাক্ষর ঘোষিত হয়েছিল।

জাতীয় শিক্ষানীতি ২০২০ অনুযায়ী গঠিত এই উল্লাস কর্মসূচি ২০২২ সালে শুরু হয়েছে। এর লক্ষ্য ২০২৭ সালের মধ্যে দেশের প্রত্যেক প্রাপ্তবয়স্ক নাগরিককে সাক্ষরতার আওতায় নিয়ে আসা। ত্রিপুরা সেই লক্ষ্য পূরণে প্রথম থেকেই এগিয়ে রয়েছে। ২০২৩–২৪ অর্থবছরে প্রকাশিত Periodic Labour Force Survey রিপোর্ট অনুসারে, ত্রিপুরার সাক্ষরতার হার দাঁড়ায় ৯৩.৭ শতাংশে। এরপর ‘উল্লাস’ অভিযানের সাম্প্রতিক সাফল্যের ফলে সেই হার বৃদ্ধি পেয়ে পৌঁছেছে ৯৫.৬ শতাংশে। কেন্দ্রীয় সরকারের সংজ্ঞা অনুযায়ী, ৯৫ শতাংশের বেশি সাক্ষরতার হার অর্জনকারী রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলকেই পূর্ণ সাক্ষর রাজ্যের মর্যাদা দেওয়া হয়।

**************

## National conference of Estimates Committees:

সংসদ এবং রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের আইন সভাগুলির এস্টিমেট কমিটির দু দিনব্যাপী  জাতীয় সম্মেলন আজ শুরু হচ্ছে। এস্টিমেট কমিটির কাজকর্ম শুরুর ৭৫ তম বার্ষিকী উপলক্ষে মুম্বাইতে এই সম্মেলন আয়োজিত হচ্ছে। প্রশাসনে বাজেট প্রস্তাব সংক্রান্ত নজরদারি পর্যালোচনাসহ সক্ষমতা নিশ্চিত করা এবং  অন্য অর্থনৈতিক বিষয়ে এস্টিমেট কমিটির গুরুত্ব নিয়ে সম্মেলনে আলোচনা হবে। এই সম্মেলনে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা রাজ্যসভার উপসভাপতি হরিবংশ সহ অন্য বিশিষ্টরা অংশগ্রহণ করবেন।

*********************

**On Anti Maoist activity: Amit Shah**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন, বর্ষা মরশুমেও মাওবাদী বিরোধী অভিযান অব্যাহত থাকবে। গতকাল ছত্তিশগড়ের নবরায়পুর অটলনগরে ন্যাশনাল ফরেন্সিক সায়েন্স ইউনিভার্সিটির ক্যাম্পাস এবং সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরির ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। আগামী ৩১শে মার্চের মধ্যে দেশ থেকে মাওবাদী নির্মূল করার ব্যাপারে সরকারের সিদ্ধান্তও পুনরায় ব্যক্ত করেন তিনি।মাওবাদীদের প্রতি আত্মসমর্পন করে মূলধারায় যুক্ত হয়ে রাজ্যসরকারের পুনর্বাসন প্রকল্পের সুবিধা নেওয়ারও আহ্বান জানান কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

**************

**CM Ramnagar** :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা মানিক সাহা বলেছেন রাজ্যের শিক্ষা ক্ষেত্রের সার্বিক উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে সরকার। আগরতলার ওমেন্স কলেজকে ওমেন্স ইউনিভার্সিটি হিসেবে গড়ে তোলার পরিকল্পনা নিয়েছে সরকার। এর পাশাপাশি রাজ্যের সমস্ত ক্ষেত্রে এআই এর মাধ্যমে কাজ করা শুরু

করেছে সরকার। রাজ্যে আরো ৩০টি স্কুলে পরিকাঠামো উন্নয়নে ২৬৪ কোটি টাকা ব্যয় করবে সরকার। গতকাল ৭ রামনগর মন্ডলের উদ্যোগে আয়োজিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ কৃতি ছাত্রছাত্রীদের সম্বর্ধনা প্রদান অনুষ্ঠানে একথা বলেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ড. অরুণোদয় সাহা, ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ড. ধনঞ্জয় গণচৌধুরী প্রমূখ।

*************

**Goc visited Tripura**:

ভারতীয় সেনাবাহিনীর রেড শিল্ড বিভাগের জেনারেল অফিসার কমান্ডিং Goc(জিওসি), মেজর জেনারেল এস.এস. কার্তিকেয় গত শনিবা, ত্রিপুরায় সেনাবাহিনীর প্রশিক্ষণের সুযোগ সুবিধা পরিদর্শন করেন এবং সেনা জওয়ানদের যুদ্ধ প্রশিক্ষণ কর্মসূচি পর্যালোচনা করেন | বাহিনীর মুখপাত্র লেফটেন্যান্ট কর্নেল অমিত শুক্লা জানিয়েছেন স্জফরের সময়, জিওসি সেনা বাহীনির সম্পদিত বিভিন্ন কঠোর প্রশিক্ষণ মডিউল পরিদর্শন করেন, যার মধ্যে ছিল জন্ল্গলের যুদ্ধ, গুলি চালানোর অনুশীলন, ড্রোন একটিভিট অবস্টাকল নেভিগেশন এবং বিশেষ অপারেশন |

পরিদর্শনের পর সেনা জওয়ানদের উদেশ্যে বলতে গিয়ে জিওস, তাদের, নতুন প্রযুক্তির প্রতি অভিযোজন এবং কর্মীদের শারিরীক এবং মানসিক দৃঢ়তার প্রশংসা করেন | মেজর জেনারেল কার্তিকেয় সেনা জওয়ানদের পেশাদারিত্ব এবং শৃঙ্খলাবোধের প্রশংসা করেন এবং সকল পর্যায় উৎকর্ষ বজায় রাখার আহ্বান জানান বলে মুখপাত্র উল্লেখ করেন |

********************

**Auto Rickshaw Worker :**

অল ত্রিপুরা অটোরিকশা ওয়ার্কার ইউনিয়নের নবম রাজ্য সম্মেলন গতকাল আগরতলার ভানু ঘোষ স্মৃতিভবনে অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রাক্তন সাংসদ শংকর প্রসাদ দত্ত অভিযোগ করেন, বর্তমান সরকার তাদের নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী পরিবহন শ্রমিক সহ সমাজের মানুষের জন্য কোন কিছুই করতে পারছেন না। আর এর বিরুদ্ধে রাজ্য আন্দোলন গড়ে তুলে শ্রমিকদের অধিকার অর্জনের লক্ষে আন্দোলন চালিয়ে যাবার আহ্বান জানান তিনি। সম্মেলনে উপস্থিত ছিলেন সিপিআইএম নেতা সমর চক্রবর্তী, অমল চক্রবর্তী সহ অটোরিকশা ওয়ার্কারস্ ইউনিয়নের নেতা কর্মীরা।

*******************

**Sit & Draw :**

আগামী ২৯শে জুন সারা ভারত গণতান্ত্রিক নারী সমিতির সপ্তম রামনগর অঞ্চল সম্মেলন উপলক্ষে গতকাল সমিতির অফিস গৃহে বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। তিনটি বিভাগে ৫0 জন ছাত্রছাত্রী এই প্রতিযোগিতায় অংশ নেয়।

****************

**CPIM CITU :**

সিটুর উদ্যোগে সাব্রুমের সোনাই বাজারে গতকাল মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। বাজারে মিছিল শেষে আয়োজিত সভায় আগামী ৯ জুলাই সর্বভারতীয় ধর্মঘটের সমর্থনে বক্তব্য রাখেন প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী, সিটুর সাব্রুম মহকুমা সম্পাদক দীপক দে, টিওয়াইএফ নেতা উচাথই মগ প্রমুখ।

********************

**Weather..**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.১ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।

**************

*****************